



“আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ”



“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার”



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: মো. ফিরোজ খান
তারিখ	: ১১-০৫-২০২১
স্থান	: প্রধান কার্যালয়, কেজিডিসিএল, চট্টগ্রাম।
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

১.০ আলোচনা :

১.১ মহাব্যবস্থাপক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির আহ্বায়ক মো. ফিরোজ খান এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সভায় উপস্থিত সকলকে অদ্যকার সভার সভাপতি কর্তৃক স্বাগত জানানো হয়। সভায় কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়।


১.২ আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর আলোকে আগামী অর্থ বছরের কোম্পানির গ্রহণের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সকলের ঐক্যমতের ভিত্তিতে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া (পরিশিষ্ট-খ) প্রণয়ন করা হয়।

২.০ সিদ্ধান্ত :

২.১ ২০২০-২০২১ অর্থ বছরে কোম্পানির NIS কর্মপরিকল্পনায় সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.২ ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পেট্রোবাংলায় প্রেরণ ও কোম্পানির ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো. ফিরোজ খান)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও

আহ্বায়ক, নৈতিকতা কমিটি, কেজিডিসিএল